



LIBERTY

JUSTICE

EQUALITY

**CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM  
(CPDRS)**

**WEST BENGAL STATE COMMITTEE**

**Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013**

**Mob: 9883717575, 8420094883**

**Email: cpdrs.india@gmail.com**

---

আর জি কর মেডিকেল কলেজে কর্তব্যরত ডাক্তারকে ধর্ষণ ও খুনের অভিযোগের পরিপ্রেক্ষিতে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (১০.১০.২৪) এক বিবৃতিতে বলেন,

"আরজিকর মেডিকেল কলেজের কর্তব্যরত ডাক্তারকে ধর্ষণ ও খুনের অভিযোগ আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয়, খোদ কলকাতার শহরের নামী সরকারি হাসপাতালও মহিলাদের জন্য আজ নিরাপদ নয়। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এই মর্মান্তিক নৃশংস ঘটনার তীব্র নিন্দা জানাই।

রাজ্য সরকার, পুলিশ-প্রশাসন ও হাসপাতাল কর্তৃপক্ষ যেভাবে ঘটনাটিকে আড়াল করা ও লঘু করার সর্বান্বক চেষ্টা করছেন তা অত্যন্ত উদ্বেগের। প্রশাসনের কাজ, নারীর নিরাপত্তা তথা সুস্থ সুন্দর স্বাভাবিক পরিবেশে বেঁচে থাকার অধিকারকে সুনির্ণিত করা, অথচ রক্ষক যখন অত্যাচারীকে আড়াল করার চেষ্টা করে, তখন তা সাধারণ মানুষের নিরাপত্তাহীনতা, উদ্বেগ, আতঙ্ক বাড়িয়ে দেয়।

আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-এর পক্ষ থেকে বলিষ্ঠভাবে দাবি জানাই, শুধু লোক দেখানো কমিটি নয়, ঘটনায় যুক্তদের অবিলম্বে গ্রেপ্তার করতে হবে এবং বিচার বিভাগীয় তদন্ত করে দোষীদের কর্তৃতম শাস্তি দিতে হবে।"

সংবাদদাতা

রাজীব সিকদার

অফিস সম্পাদক